





# STANDARD OPERATING PROCEDURES (SOP)S FOR HUMAN - WILDLIFE CONFLICT MITIGATION





DIRECTORATE OF FORESTS, WILDLIFE WING
GOVERNMENT OF WEST BENGAL
2016

# PREFACE

A Standard Operating Procedure (SOP) is a set of step-by step instructions compiled to help workers for carrying out routine operations. SOPs aim to achieve efficiency, quality output and uniformity of performance, during emergencies like straying of wild animals or human casualty.

The National Tiger Conservation Authority had already issued SOPs to deal with emergency situation with tiger but there was no such SOP for Human-Wildlife Conflict mitigation involving other wild animals.

West Bengal being a high conflict state with regular Human Wildlife Conflict between elephants, leopards, gaur and even lesser mammals leading to acute problems, therefore, the necessity was felt to have a set of SOPs to immediately tackle such situations and hence 3 (three) SOPs have beem issued recently.

It is felt that these SOPs should have wide circulation and be available with the frontline staff for their guidance. Accordingly, this compilation has been prepared with a hope that it would render proper guidance to them in dealing with various situations arising due to Human—Wildlife Conflict time to time.

**(Dr. P. Vyas)**
**Principal Chief Conservator of Forests, Wildlife**
**& Chief WIldlife Warden, West Bengal**

## Index


| Sl.No. | Subject | Page No. |
|---|---|---|
| 1. | Standard Operating Procedure (SOP) to emergency arising due to straying of wild animals in Human Dominated Landscapes of West Bengal | 5-12 |
| 2. | —Bengali Version— | 13-22 |
| 3. | Standard Operating Procedure (SOP) to deal with Carcass of Major Animal in West Bengal | 23-28 |
| 4. | —Bengali Version— | 29-34 |
| 5. | Standard Operating Procedure to deal with HumanCasualty/Human Injuiry caused by Wild Animal | 35-40 |
| 6. | —Bengali version— | 41-47 |

**Standard Operating Procedure (SOP) to deal with emergency arising due to straying of wild animals in Human Dominated Landscapes of West Bengal.**

1. **Subject :**

   Dealing with emergency arising due to straying of wild animals in human dominated landscapes.

2. **Purpose :**

   To ensure that straying wild animals are handled in the most appropriate manner to avoid casualty / injury to human being, wild animals and property.

3. **Short summary :**

   This Standard Operating Procedure (SOP) provides the basic, minimum steps, which are required to be taken at the field level for dealing with incidents of wild animals straying in human dominated landscapes.

4. **Scope :**

   The SOP applies to all forest field formations including tiger reserves besides other areas where such incidents occur in West BengaL

5. **Responsibilities :**

The Field Director would be responsible in the case of a tiger reserve / fringe areas. For a Protected Area (National Park / Wildlife sanctuary), the concerned Protected Area Manager would be responsible. In the case of territorial Divisions or other areas (revenue land/ conservation reserve/ community reserve /village/ township) the Wildlife Warden, as per the Wildlife (Protection) act, 1972, or Divisional Forest Officer/ Deputy Conservator of Forests (under whose jurisdiction the area falls), would be responsible. The overall responsibility at the state level would rest with the Chief Wildlife Warden, West Bengal.

6. **Suggested field actions to deal with strayed wild animals :**

A. The DFO/Dy. FD / DM in whose territorial jurisdiction the incident· of straying takes place shall forthwith by means of SMS communicate the detailed information including as much as available details of animal, location of straying/injury to humans or animal/ present situation/action initiated to the Hon'ble MIC, Forest Department, Principal Secretary/Addl Chief Secretary, Forests Department/ PCCF (HoFF) / PCCF (Wildlife) and Chief Wildlife Warden/ MD (in case of WBFDC areas)/ Addl PCCF (WL), Addl PCCF(NB) in case of North Bengal, CCF Wildlife(North) in case of North Bengal and the concerned CCF /FD/GM/CF. The concerned reporting officer shall also inform what

actions he/she has initiated. The DFO/DFD/DMs will constantly update the incumbent officer's mobile numbers.

B. Proactively involve District Collector / DM and SSP / SP of the area to maintain law and order in the area, besides avoiding crowding by local mobs. Acquaint them with human-wildlife conflict issues and guidelines of the NTCA and other authorities to deal with the situation.

C. The concerned reporting officer shall also inform the MLA, State Wildlife Advisory Board member from the area, Honorary Wildlife Warden of the area, Local Panchayat Pradhan, Panchayat Member or other important persons of the area who he/she feels can be of any help in dealing with wild animal straying incidence.

D. In all instances of wild animals like tiger / leopard/ elephant/gaur/rhino/ black bear straying into a human dominated landscape, the district authorities need to ensure law and order by imposing section 144 of the Cr. Pc. This is essential to avoid agitation / excited local people surrounding the animal spot which hampers capture/rescue/driving operation, leading to serious injuries on people and staff. Besides the darting drugs used are highly potential and any misfire is likely to lead to human casualties. It is also necessary that police, local administration and Panchayat functionaries

be involved at an early stage. Effective coordination with them is critical to control mobs which has been seen in several instances, worsen the situation and lead to avoidable fatalities / tragedies.

E. Take help of the district level officials to alert the villages in the vicinity of the area having the spatial presence of the strayed animal.

F. Every Field Director/DFO/DFD/Div. Manager should identify nearest location of at least two captive elephants to assist in the operations as & when required and if elephants are available, He shall keep the contact details of the concerned DFO/ ADFO/ Range Officer for immediate requisitioning. The concerned officer shall take forthwith necessary action to transport the Captive Elephants without loss of time.

G. If successive efforts of trapping /rescue/driving fail, chemical immobilization of the strayed animal should be done by an expert team to be constituted and readily available at each Division level. For this purpose at every Division level, a Rapid Response Team (RRT) shall be constituted comprising of essentially two darting experts, at least 4 forest guards/BS/DL / 2 Beat Officers/ 1 Range Officer. Forest Department Veterinary Officer or a local veterinary officer shall be requisitioned to be on the team. On case-to-case basis the Range Officer shall engage DL for the operation. This RRT

shall be under overall supervision of *ADFO/DFO*. The following equipment/materials shall be procured and kept ready with the team.

I. One field-touring vehicle with Public Address System and RT shall be exclusively earmarked for this purpose by the DFO.

II. Tranquilization kit with drugs for chemical immobilization shall be kept ready and should be periodically inspected by DFO for availability/ expiry of drugs & condition of equipment's.

III. Teaser gun/stun gun for instant immobilization of the animal.

IV. Minimum four Walkie-Talkies (fully charged and additional batteries) & four search lights.

v. One GPS set.

VI. Portable Generator Set with extension Chords and LED/CFL lights.

VII. Mobile set camera to be operated by a designated staff for official photography.

VIII. Trap cage - 2 with cage cover preferably a dark coloured thick cloth

IX. Hand held public address system (PAS)

x. Ropes of different thickness and nets with pegs. Flat nylon ropes may also be procured.

XI. Sufficient quantity of Nylon Net.

XII. Portable hides which can be set up first to be used for persons with tranquilizers

XIII. List of suppliers with contact numbers of suppliers of telescopic cranes/trucks/tractors/mini-trucks

XIV. Jute bags and a small water tank with sprayer for cooling the immobilized animal

XV. Blind fold for the immobilized animal

XVI. Crackers and DBBL guns in working condition

XVII. First Aid Kits

XVIII. Protective Gear and Tiger Guards.

XIX. Portable preferably detachable and strong ramp (SOP for Chemical Immobilization is annexed)

7. **Elimination of Wild animal under exceptional circumstances:**

Under exceptional circumstances to be justified by Wildlife Warden of the Area and duly endorsed by Dy. Chief Wildlife Warden and Additional Chief Wildlife Warden of the Area having jurisdiction, a strayed animal should be eliminated by invoking the Wildlife (Protection) act, 1972, if it is found to be dangerous to human life and property with prior permission of Principal Chief Conservator of Forests & Chief Wildlife Warden, West Bengal.

8. **Media management :**

An authorized spokesperson of the Forest Department. should periodically update the media (if required) to prevent dissemination of distorted information relating to the operation / incidents. Sensational or distorted information can lead to further damage/embarrassment.

9. **Rehabilitation of rescued wild animal :**

The Chief Wildlife Warden will take the final decision on whether the captured rescued animal has to be released back in the wild or transferred to a zoo/rescue center.

10. **Monitoring of released wild animal :**

In the event of release in the wild, the animal needs to be monitored for some days either by direct sighting and/ or indirectly by signs of its presence/information from locals until it has satisfactorily recovered and adjusted.

This SOP is to be followed in the State of West Bengal by all dealing in wildlife management i.e. Addl. Chief Wildlife Wardens, Dy. Chief Wildlife Wardens and Wildlife Wardens within their respective jurisdiction.

Principal Chief Conservator of Forests, Wildlife
& Chief Wildlife Warden, West Bengal.

No. *2012/WL* 210-769/2016.

Dated: *15/041/2016*

Copy Forwarded for information and necessary action to:

1. PS to Minister In Charge, Department of Forests, Government of West Bengal.

2. Principal Secretary, Department of Forest, Government of West Bengal.

3. Principal Chief Conservator of Forests, Head of Forest Force, West Bengal.

4. Principal Chief Conservator of Forests, General, West Bengal.

5. All Addl. CWLW, West Bengal, Dy. CMLW, West Bengal, Wildlife Wardens, West Bengal.

   All Wildlife Wardens are requested to provide a copy to all the *ADFO's/*AWLW, Range Officers and Beat Officers within their jurisdiction.

6. CF, Wildlife (Hq.) with a request to upload the SOP in website of Wildlife Wing.

Principal Chief Conservator of Forests, Wildlife
& Chief Wildlife Warden, West Bengal.

**পশ্চিমবঙ্গের ঘনবসতিপূর্ণ অঞ্চলে আকস্মিক বন্যপ্রাণী চলে আসার ফলে সৃষ্ট আপৎকালীন পরিস্থিতি মোকাবিলা করার জন্য আদর্শ পরিচালন প্রণালী—**

১. বিষয় ঃ

ঘনবসতিপূর্ণ অঞ্চলে আকস্মিক বন্যপ্রাণী চলে আসার ফলে সৃষ্ট আপৎকালীন পরিস্থিতি মোকাবিলা করা।

২. উদ্দেশ্য ঃ

জঙ্গল থেকে বার হয়ে আসা বন্যপ্রাণীকে সঠিকভাবে সামলানো যাতে মানুষ ও বন্যপ্রাণীর আহত হওয়া তথা মৃত্যু এবং সম্পত্তির ক্ষয়ক্ষতি এড়ানোর বিষয়ে সুনিশ্চিত হওয়া যায়।

৩. সংক্ষিপ্তসার ঃ

ঘনবসতিপূর্ণ অঞ্চলে আকস্মিক বন্যপ্রাণী বেরিয়ে আসা বা আসার ঘটনায় উদ্ভূত পরিস্থিতিকে সামলানোর জন্য বাস্তবে যে প্রাথমিক এবং ন্যূনতম পদক্ষেপগুলি নেওয়ার প্রয়োজন সেইগুলিই এই আদর্শ পরিচালন প্রণালীতে বলা হয়েছে।

৪. ব্যাপ্তি ঃ

ব্যাঘ্র প্রকল্পসহ পশ্চিমবঙ্গের অন্যান্য সমস্ত রকমের বনবিভাগীয় ক্ষেত্র, যেখানে এই ধরনের বন্যপ্রাণী বেরিয়ে আসার ঘটনা ঘটে, সেই সবরকম ক্ষেত্রেই এই আদর্শ পরিচালন প্রণালী কার্যকর হবে।

৫. দায়িত্ব ঃ

ব্যাঘ্র প্রকল্প ও তার সংলগ্ন অঞ্চলের ক্ষেত্রে ক্ষেত্র অধিকর্তার উপর সম্পূর্ণ দায়িত্ব থাকবে, সুরক্ষিত অঞ্চল (জাতীয় উদ্যান/অভয়ারণ্য)-এর ক্ষেত্রে যিনি সর্বোচ্চ পরিচালনার দায়িত্বে আছেন, তাঁর উপরই সার্বিক দায়িত্ব থাকবে। আঞ্চলিক বনবিভাগ বা তৎসংলগ্ন অঞ্চলের (রাজস্বভূমি/প্রকৃতি সংরক্ষণ অঞ্চল/সমষ্টি সংরক্ষণ অঞ্চল/গ্রাম/শহরতলি) ক্ষেত্রে বন্যপ্রাণ (সুরক্ষা) আইন, ১৯৭২ অনুযায়ী বন্যপ্রাণ সংরক্ষক অথবা বিভাগীয় বনাধিকারিক/উপ-বনপাল (যাঁর প্রশাসনিক এক্তিয়ারের মধ্যে ঐ অঞ্চলটি পড়ে), তিনি-ই দায়িত্বে থাকবেন। পশ্চিমবঙ্গের মুখ্য বন্যপ্রাণ সংরক্ষক সার্বিকভাবে রাজ্যের দায়িত্বে থাকবেন।

৬ জঙ্গল থেকে বেরিয়ে আসা বণ্যপ্রাণীকে সামলানোর জন্য বাস্তবে করণীয় কার্যবিধি ঃ

(ক) যে বিভাগীয় বনাধিকারিক/উপক্ষেত্র/অধিকর্তা/ বিভাগীয় ব্যবস্থাপকের প্রশাসনিক অঞ্চলের মধ্যে বন্যপ্রাণী বেরিয়ে আসার ঘটনা ঘটবে, তিনি তাৎক্ষণিকভাবে সেই বন্যপ্রাণী ও তার বর্তমান অবস্থান, প্রাণীটির/মানুষের জীবনহানি/আঘাত পাওয়া/বর্তমান পরিস্থিতি এবং কি কি পদক্ষেপ নেওয়া হয়েছে, সে সম্বন্ধে বিস্তারিতভাবে স্বল্প দূরভাষ বার্তা পরিষেবার (এস.এম.এস) মাধ্যমে মাননীয় মন্ত্রী, বনদপ্তর, প্রধান সচিব/অতিরিক্ত মুখ্যসচিব, বনদপ্তর/প্রধান মুখ্য বনপাল (বনবাহিনী শীর্ষ)/প্রধান মুখ্য বনপাল (বন্যপ্রাণ) এবং মুখ্য বনপ্রাণ সংরক্ষক/ জেনারেল ম্যানেজার (পশ্চিমবঙ্গ বন

উন্নয়ন নিগম-এর অঞ্চলের ক্ষেত্রে)/অতিরিক্ত প্রধান মুখ্য বনপাল (বন্যপ্রাণ), অতিরিক্ত প্রধান মুখ্য বনপাল (উত্তরবঙ্গ) ও প্রধান মুখ্য বনপাল (উত্তর), উত্তরবঙ্গের ক্ষেত্রে এবং সংশ্লিষ্ট প্রধান মুখ্য বনপাল/ক্ষেত্র অধিকর্তা/সাধারণ ব্যবস্থাপক/বনপাল—এদের সকলকে জানাবেন। এই ঘটনায় সংশ্লিষ্ট আধিকারিক কি পদক্ষেপ নিয়েছেন তাও জানাবেন। বিভাগীয় বনাধিকারিক/উপ-ক্ষেত্র অধিকর্তা/বিঃ ব্যবস্থাপক প্রতিনিয়ত ঘটনার হালহকিকত তাঁর উর্ধ্বতন আধিকারিকদের দূরভাষে জানাবেন।

(খ) স্থানীয় মানুষ যাতে বেশী ভীড় করতে না পারে সেদিকে লক্ষ্য রাখার সাথে সাথেই আইনশৃঙ্খলা পরিস্থিতি ঠিক রাখার জন্য স্বতঃ প্রণোদিত হয়ে জেলা শাসক/সমাহর্তা এবং জেলা আরক্ষাধিকারিককে এই কাজের মধ্যে অন্তর্ভুক্ত করতে হবে। মানুষ বন্যপ্রাণী সংঘাত সম্বন্ধীয় বিষয়গুলি সম্বন্ধে এবং এই সংক্রান্ত জাতীয় ব্যাঘ্র সংরক্ষণ কর্তৃপক্ষ ও অন্যান্য কর্তৃপক্ষের নির্দেশাবলী সম্পর্কে ওঁদেরকে অবহিত করতে হবে।

(গ) স্থানীয় বিধায়ক, রাজ্য বন্যপ্রাণ উপদেষ্টা মণ্ডলীর স্থানীয় সদস্য, স্থানীয় সাম্মানিক বন্যপ্রাণ সংরক্ষক, স্থানীয় পঞ্চায়েত প্রধান, পঞ্চায়েত সদস্য, অথবা অন্যান্য স্থানীয় গুরুত্বপূর্ণ ব্যক্তিবর্গ, স্থানীয় বনাধিকারিকের যাদের মনে হয়, এই জঙ্গল থেকে বেরিয়ে আসা বন্যপ্রাণীকে সামলানোর ব্যাপারে কোনও সাহায্য করতে পারবেন, তাঁদের সকলকেই এই ঘটনার কথা জানাতে হবে।

(ঘ) ঘনবসতিপূর্ণ অঞ্চলে বাঘ/চিতাবাঘ /হাতি/গাউর /গণ্ডার /ভাল্লুক-এর মতো বন্যপ্রাণী জঙ্গল থেকে জনপদে বেরিয়ে আসার ঘটনা ঘটলে আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার জন্য জেলা প্রশাসন ওই অঞ্চলে ফৌজদারি কার্যবিধির অর্ন্তগত ১৪৪ ধারা জারি করবেন। জঙ্গল থেকে বেরিয়ে আসা বন্যপ্রাণীকে ঘিরে সাধারণ মানুষের উত্তেজনাকে এড়িয়ে এবং সাধারণ মানুষ/কর্মচারীর গায়ে কোনও আঘাত না লেগে বন্যপ্রাণীটিকে ধরতে/উদ্ধার করতে/বিতাড়ন করতে এই প্রশাসনিক পদক্ষেপটি অত্যন্ত জরুরী। এছাড়াও বন্যপ্রাণীটিকে বশে আনার জন্য যে ওষুধ ছোঁড়া হয় সেগুলিও উচ্চ ক্ষমতা সম্পন্ন এবং ভীড়ের জন্য সেটি লক্ষ্যভ্রষ্ট হলে মানুষের জীবনহানি ঘটাতে পারে। এই কারণে পঞ্চায়েত কর্তাব্যক্তিগণ, স্থানীয় প্রশাসন এবং পুলিশ এই ঘটনার একেবারে শুরুর থেকেই সাথে থাকা একান্ত প্রয়োজন। জনতাকে নিয়ন্ত্রণ করতে এনাদের সাথে কার্যকরী সমন্বয় সাধন প্রয়োজন। কারণ পূর্বে এমন অনেক ক্ষেত্রেই পরিস্থিতির অবনতি হয়ে জীবনহানির মতো বেদনাদায়ক ঘটনা ঘটেছে, যা উপযুক্ত ব্যবস্থার মাধ্যমে এড়ানো সম্ভব।

(ঙ) জেলাস্তরের আধিকারিকদের সাহায্যে সেইসব গ্রামকে সর্তক করে দিতে হবে যাদের আশেপাশের জায়গায় জঙ্গল থেকে বেরিয়ে আসা বন্যপ্রাণী থাকতে পারে।

(চ) অভিযানে সহায়তা করার জন্য অন্তত দুটি বিভাগীয় হাতি আছে এমন একটি স্থান যা ঘটনাস্থলের সব চেয়ে কাছে

আছে সেটি প্রত্যেক ক্ষেত্র অধিকর্তা/বিভাগীয় বনাধিকারিক/উপক্ষেত্র অধিকর্তা/বিঃ ব্যবস্থাপক সনাক্ত করবেন। তাৎক্ষণিক চাওয়ার জন্য তিনি সবসময় তাঁর কাছে সংশ্লিষ্ট বিভাগীয় বনাধিকারিক/সহ-বিভাগীয় বনাধিকারিক/অঞ্চলাধিকারিকের যোগাযোগের বিবরণ রাখবেন। সেই সংশ্লিষ্ট আধিকারিকও তাঁর কাছে থাকা বিভাগীয় হাতিকে ঘটনাস্থলে পাঠানোর জন্য কোন সময় নষ্ট না করে তাৎক্ষণিক পরিবহনের ব্যবস্থা করবেন।

(ছ) যদি জঙ্গল থেকে বেরিয়ে আসা বন্যাপ্রাণীকে উপর্যুপরি চেষ্টা করেও ধরা/উদ্ধার করা/বিতাড়ন করা ব্যর্থ হয় তার জন্য প্রত্যেক বিভাগীয় স্তরে একটি দ্রুত প্রতিক্রিয়াকারী দল (Rapid Response Team: RRT) গঠন করতে হবে, যে দলে অবশ্যই থাকবেন দু-জন ঘুমপাড়ানি বন্দুক ছোঁড়া বিশেষজ্ঞ অন্তত চার জন বনরক্ষী/বনশ্রমিক/প্রাত্যহিক শ্রমিক/দু-জন ক্ষেত্রাধিকারিক/একজন অঞ্চলাধিকারিক। বনদপ্তরের পশুচিকিৎসক অথবা স্থানীয় পশু চিকিৎসককে এই দলে অন্তর্ভুক্ত করতে হবে। পরিস্থিতি অনুযায়ী এই কাজ সম্পন্ন করার প্রয়োজনে অঞ্চলাধিকারিক প্রাত্যহিক শ্রমিক নিয়োগ করবেন। এই দ্রুঃ প্রঃ দলটি (RRT) সহ-বিভাগীয় বনাধিকারিক/বিভাগীয় বনাধিকারিক এর প্রত্যক্ষ পরিচালনায় কাজ করবে।

নিম্নবর্ণিত উপকরণগুলি আহৃত করে এই দ্রুত প্রতিক্রিয়াকারী দলের সঙ্গে সদাপ্রস্তুত অবস্থায় রাখতে হবে ঃ—

১. পাবলিক অ্যাড্রেস সিস্টেম সম্বলিত একটি ভ্রাম্যমাণ বাহন/গাড়ি যাতে থাকবে একটি রেডিও বার্তা যন্ত্র (আর.টি) যার সঙ্গে কেবলমাত্র সংশ্লিষ্ট বিভাগীয় বনাধিকারিকের যোগাযোগের ব্যবস্থা থাকবে।

২. রাসায়নিকভাবে নিশ্চলীকরণের জন্য প্রয়োজনীয় শান্ত/অচৈতন্য করার ওষুধ এবং অন্যান্য উপকরণ সর্বদা প্রস্তুত থাকবে এবং একটি নির্দিষ্ট সময় অন্তর বিভাগীয় বনাধিকারিক এই উপকরণগুলির লভ্যতা/অবসানের মেয়াদ পরিদর্শন করবেন এবং অন্যান্য উপকরণগুলির অবস্থা পরীক্ষা করে দেখবেন।

৩. জরুরী ভিত্তিক নিশ্চলীকরণ করবার জন্য "টিজার গান"/'স্টান গান" সদা প্রস্তুত থাকবে।

৪. ন্যূনতম চারটি চলমান রেডিও বার্তা যন্ত্র বা "ওয়াকি-টকি" (সম্পূর্ণ বিদ্যুৎ সঞ্চারিত এবং অতিরিক্ত ব্যাটারিসহ)।

৫. একটি ভূমণ্ডলীয় অবস্থান নির্ণয়কারী যন্ত্র (জি.পি.এস)।

৬. এল.ই.ডি./সি.এফ.এল আলো এবং বিস্তারযোগ্য তার (এক্সটেনশন কর্ড) সহ সুবহ জেনারেটর যন্ত্র।

৭. সরকারীভাবে চিত্রগ্রহণের জন্য একজন সুনির্দিষ্ট কর্মচারী দ্বারা ব্যবহারযোগ্য একটি ক্যামেরা।

৮. ঢাকাসহ দুটি ফাঁদ খাঁচা, ঢাকাটি কালো বা গাঢ় রঙের হলে ভালো হয়।

৯. হাতে ধরে ব্যবহার যোগ্য প্রকাশ্য ঘোষণা ব্যবস্থা।

১০. বিভিন্ন পুরুত্বের দড়ি এবং গোঁজসহ জাল। মসৃণ নাইলন দড়িও রাখা যেতে পারে।

১১. পর্যাপ্ত পরিমাণে নাইলনের জাল।

১২. বহনযোগ্য লুকানোর জায়গা, সেগুলি প্রথমেই স্থাপন করতে হবে সেই সব ব্যক্তির জন্য যাঁরা তাঁদের উপকরণ নিয়ে বন্যপ্রাণীকে শান্ত/অচৈতন্য করবেন।

১৩. ছোট-বড় করা যায় এরকম 'ক্রেন'/ট্রাক/ট্রাকটর/ছোট ট্রাক সরবরাহকারী সংস্থার যোগাযোগের বিবরণসহ নামের তালিকা।

১৪. নিশ্চল করে দেওয়া বন্যপ্রাণীকে শীতল করার জন্য জল ছেটানোর যন্ত্র (স্প্রেয়ার) সহ একটি ছোট জলের আধার (ট্যাঙ্ক) এবং পাটের বস্তা।

১৫. নিশ্চল করে দেওয়া বন্যপ্রাণীর চোখ ঢাকার ব্যবস্থা।

১৬. কর্মক্ষম দোনলা বন্দুক এবং পটকা।

১৭. প্রাথমিক চিকিৎসার সরঞ্জাম।

১৮. প্রতিরক্ষা মূলক সরঞ্জাম/পোশাক এবং টাইগার গার্ড।

১৯. বহনযোগ্য বিশেষত বিয়োজন যোগ্য এবং মজবুত ঢালু পথ (র‍্যাম্প)।

(রাসায়নিক নিশ্চলীকরণের জন্য আদর্শ পরিচালন প্রণালী সঙ্গে যুক্ত করা হয়েছে)।

**৭. ব্যতিক্রমী পরিস্থিতিতে বন্যপ্রাণী সংহার ঃ**

পশ্চিমবঙ্গের প্রধান মুখ্য বনপাল, বন্যপ্রাণ ও মুখ্য বন্যপ্রাণ সংরক্ষকের পূর্ব অনুমোদন সাপেক্ষে উপ-মুখ্য বন্যপ্রাণ সংরক্ষক দ্বারা যথাযথ অনুমতি পাওয়ার পর সংশ্লিষ্ট বন্যপ্রাণ সংরক্ষকের যুক্তিতে ব্যতিক্রমী পরিস্থিতিতে যদি জঙ্গল থেকে বেরিয়ে আসা কোনও বন্যপ্রাণী মানুষের জীবন ও সম্পত্তির পক্ষে বিপদজনক হয়ে পড়ে, তবে বন্যপ্রাণী (প্রতিরক্ষা) আইন, ১৯৭২—এর সাহায্যে সেই বন্যপ্রাণীকে সংহার করতে হবে।

**৮. প্রচারমাধ্যম ব্যবস্থাপনা ঃ**

ঘটনার বিষয়ে তথ্যের বিভিন্নতা ও বিকৃতিকে প্রতিহত করার জন্য বন দপ্তরের তরফ থেকে একজন প্রাধিকৃত মুখপাত্র থাকবেন, যিনি প্রয়োজন অনুযায়ী নির্দিষ্ট সময় অন্তর প্রচার মাধ্যমকে ঘটনার তথ্য জানাবেন। উত্তেজক বা বিকৃত তথ্য আরো ক্ষতি/অস্বস্তি সৃষ্টি করে।

**৯. উদ্ধার করা বন্যপ্রাণীর পুনর্বাসন ঃ**

বন্দীকরা/উদ্ধার করা বন্যপ্রাণীকে অরণ্যে ছেড়ে দেওয়া হবে, নাকি তাকে কোনও পশুপক্ষীশালায়/উদ্ধার কেন্দ্রে স্থানান্তরিত করা হবে, সেই ব্যাপারে মুখ্য বন্যপ্রাণ সংরক্ষক চূড়ান্ত সিদ্ধান্ত নেবেন।

**১০. মুক্ত করা বন্যপ্রাণীকে পর্যবেক্ষণ করা ঃ**

অরণ্যে মুক্ত করে দেওয়ার ক্ষেত্রে বন্যপ্রাণীটিকে কিছু দিনের জন্য পর্যবেক্ষণে রাখতে হবে, যতদিন না সেটি সন্তোষজনক ভাবে সুস্থ হচ্ছে ও পরিবেশের সঙ্গে মানিয়ে নিচ্ছে, এই পর্যবেক্ষণ প্রত্যক্ষদর্শনে হতে পারে এবং /অথবা পরোক্ষভাবে তার উপস্থিতির প্রমাণ/স্থানীয় মানুষের কাছে তথ্য নিয়ে করা যেতে পারে।

পশ্চিমবঙ্গ রাজ্যে বন্যপ্রাণ ব্যবস্থাপনার সঙ্গে যুক্ত অতিরিক্ত মুখ্য বন্যপ্রাণ সংরক্ষক, উপ-মুখ্য বন্যপ্রাণ সংরক্ষক এবং বন্যপ্রাণ সংরক্ষকেরা তাঁদের নিজ নিজ প্রশাসনিক অঞ্চলের মধ্যে এই আদর্শ পরিচালন প্রণালীটি মেনে চলবেন।

স্বা:প্রদীপ ব্যাস

প্রধান মুখ্য বনপাল, বন্যপ্রাণ

এবং মুখ্য বন্যপ্রাণ সংরক্ষক, পশ্চিমবঙ্গ

সংখ্যা—২০১২/ডবলিউ.এল/২ডবলিউ—৭৬৯/২০১৬,তারিখঃ১৫.০৪.২০১৬

তথ্য জানানোর জন্য এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো ঃ—

১. ব্যক্তিগত সচিব, ভারপ্রাপ্ত মন্ত্রী, বনদপ্তর, পশ্চিমবঙ্গ সরকার।

২. প্রধান সচিব, বনদপ্তর, পশ্চিমবঙ্গ সরকার।

৩. প্রধান মুখ্য বনপাল, বনবাহিনী শীর্ষ, পশ্চিমবঙ্গ।

৪. প্রধান মুখ্য বনপাল, সাধারণ, পশ্চিমবঙ্গ।

৫. সমস্ত অতিরিক্ত মুখ্য বন্যপ্রাণ সংরক্ষক, পশ্চিমবঙ্গ, উপ-মুখ্য বন্যপ্রাণ সংরক্ষক, পশ্চিমবঙ্গ, বন্যপ্রাণ সংরক্ষক, পশ্চিমবঙ্গ।

তাঁদের নিজ নিজ প্রশাসনিক অঞ্চলের মধ্যে থাকা সমস্ত সহকারী বিভাগীয় বনাধিকারিক/সহকারী বন্যপ্রাণ সংরক্ষক, অঞ্চলাধিকারিক এবং ক্ষেত্রাধিকারিককে একটি করে অনুলিপি প্রদানের জন্য সমস্ত বন্যপ্রাণ সংরক্ষককে অনুরোধ করা হচ্ছে।

৬. বনপাল, বন্যপ্রাণ (প্রধান কার্যালয়), তাঁকে অনুরোধ করা হচ্ছে এই আদর্শ পরিচালন প্রণালীটি বন্যপ্রাণ শাখার ওয়েবসাইটে নথিভুক্ত ("আপলোড") করার জন্য।

স্বা:প্রদীপ ব্যাস

প্রধান মুখ্য বনপাল, বন্যপ্রাণ

এবং মুখ্য বন্যপ্রাণ সংরক্ষক, পশ্চিমবঙ্গ

## STANDARD OPERATING PROCEDURE TO DEAL WITH CARCASS OF MAJOR WILD ANIMAL IN WEST BENGAL.

1. **Subject :**

   Dealing with the carcass of major wild animal.

2. **Purpose :**

   To investigate the site, recover the carcass, conduct postmortem and subsequent disposal of the carcass.

3. **Scope :**

   The SOP applies to all forest field formations including tiger reserves besides other areas where such incidents occur.

4. **Responsibilities :**

   The Field Director would be responsible in the case of a Tiger Reserve / fringe areas. For a Protected Area (National Park / Wildlife sanctuary), the concerned Protected Area Manager would be responsible. In the case of other areas (revenue land/conservation reserve/ community reserve /village/township) the Wildlife Warden, as per the Wildlife (Protection) act, 1972, or Divisional Forest Officer/ Deputy Conservator of Forests (under whose jurisdiction the area falls), would be responsible.

## 5. Suggested field actions to deal with carcass of wild animals

1. The DFO/Dy. FD/ Divisional Manager (DM) in whose territorial jurisdiction the incident takes place shall forthwith by means of SMS will communicate the available information received from the field including as much as available details of the animal (app. age/ sex/injury/missing body part if any/ apparently natural or unnatural) location faction initiated to Principal Secretary/Addl Chief Secretary, FD/ PCCF (HoFF)/ PCCF(Wildlife), Addl PCCF(WL), MD (in case ofWBFDC areas), Addl PCCF(NB) in case of North Bengal, CCF Wildlife(North) in case of North Bengal and the concerned CCF/CF/FD/GM (in case of WBFDC areas)/ CF. The DFO/DFD/DMs will constantly update the incumbent officers mobile numbers.

II. The field staff should cordon off the area surrounding the carcass for inspection by the officers / veterinarians. Staff shall observe the area surrounding the carcass for any clues and record the same.

III. The DFO / ADFO shall visit the field and send a detailed SMS as (i) above. DFO shall send a preliminary report preferably within 24 days to the CWL W on the incident.

iv. The Department of Veterinary Officer or the local Veterinary Officer should be immediately informed

and should be taken to site. As per the suitability and advise of the Veterinary Officer the carcass should be subjected to the PM either at the site or at a suitable location. The Veterinary Officer shall completely record the PM report and submit. Necessary samples shall be collected by the Veterinary Officer for further forensic tests. In case of suspected firing incidents, the local Range Officer shall check the carcass the site where it was burnt to search for metallic objects/ bullets with help of metal detector. For all the schedule I and Schedule II wild animals complete videography of PM, site and others details of carcass shall be recorded and preserved.

v. The tusks/horns recovered from the carcass should be measured & weighed and kept in custody of the concerned Range Officer with proper documentation in the trophy register.

VI. As a rule, the disposal of the carcass shall be done by burning under supervision of the local range staff in all cases. But in case of Tiger, Leopard, Elephant, Rhino and Asiatic Black Bear the presence of DFO is mandatory but in exceptional circumstances when Divisional Forest Officer concerned is having other pressing engagements to be justified and ratified by

immediate superior, one ADFO rank officer may supervise and certify the carcass disposal. In case it is not possible to burn and carcass needs to be disposed of otherwise, it shall essentially be either as per advises of the veterinary officer and with the prior approval of the Chief Wildlife Warden. The complete burning should be part of videography.

VII. The Local Range Officer shall be responsible for organizing the materials, equipments and transportation required for the Post Mortem including deep search metal detector, Phenyl, containers/slides/stickers/markers required for collection of samples, firewood, old tyres, crane if required, disposable gloves, apron, mask, tape, notebook, kerosene/burnt Mobil, salt & lime etc.

VIII. The DFO shall ensure the complete documentation of the incident. including the sketch of place of occurrence, GPS co-ordinates of the area etc.

IX. In the event of natural death it shall be suffice to file a GD entry in the local PS. However, in case of suspected poaching a detailed FIR shall be drawn up and registered with the local PS as well as a POR case shall be registered in the Range having jurisdiction.

x. The Range Officer shall take steps to give publicity of the incident in the local area and involve public representatives in ascertaining the identity of the suspect.

XI. DFO shall submit a detailed report as per the standard format.

This SOP is to be followed in the State of West Bengal by all dealing in wildlife management i.e. Addl. Chief Wildlife Wardens, Dy. Chief Wildlife Wardens and Wildlife Wardens within their respective jurisdiction.

Principal Chief Conservator of Forests, Wildlife
& Chief Wildlife Warden, West Bengal

No. 20l3/WL/2W—769/2016

Dated: 15/04/2016

Copy Forwarded for information and necessary action to:

I. PS to Minister In Charge, Department of Forests, Government of West Bengal.

2. Principal Secretary, Department of Forest, Government of West Bengal.

3. Principal Chief Conservator of Forests, Head of Forest Force, West BengaL

4. Principal Chief Conservator of Forests, General, West Bengal.

5. All Addl. CWLW, West Bengal, Dy. CWLW, West Bengal, Wildlife Wardens, West BengaL

   All Wildlife Wardens are requested to provide a copy to all the ADFOs/AWLW, Range Officers and Beat Officers within their jurisdiction.

6. CF, Wildlife (Hq.) with a request to upload the SOP in website of Wildlife Wing.

Principal Chief Conservator of Forests, Wildlife
& Chief Wildlife Warden, West Bengal.

## অধিক গুরুত্বপূর্ণ বন্যপ্রাণীর মৃতদেহ সংক্রান্ত আদর্শ পরিচালন প্রণালী

১. বিষয় ঃ

অধিক গুরুত্বপূর্ণ বন্যপ্রাণীর মৃতদেহ সংক্রান্ত।

২. উদ্দেশ্য ঃ

মৃতদেহ পাওয়ার স্থানটি পরীক্ষা করা, মৃতদেহটি উদ্ধার করা, মৃতদেহের ময়নাতদন্ত করা এবং পরবর্তীকালে মৃতদেহটিকে যথাযথভাবে নিষ্পত্তি করা।

৩. ব্যাপ্তি ঃ

ব্যাঘ্র প্রকল্প সহ বনবিভাগ ও তৎসংলগ্ন সমস্ত ক্ষেত্রে যেখানে এই ধরণের ঘটনা ঘটে, সেই সমস্ত ক্ষেত্রেই এই আদর্শ পরিচালন প্রণালী কার্যকর করা হবে।

৪. দায়িত্ব ঃ

ব্যাঘ্র প্রকল্প ও তার সংলগ্ন অঞ্চলের ক্ষেত্রে ক্ষেত্র অধিকর্তার উপর সম্পূর্ণ দায়িত্ব থাকবে। সংরক্ষিত অঞ্চলের (জাতীয় উদ্যান/অভয়ারণ্য)-এর ক্ষেত্রে যিনি সর্ব্বোচ্চ পরিচালনার দায়িত্বে আছেন, তাঁর উপরই সার্বিক দায়িত্ব থাকবে। আঞ্চলিক বনবিভাগ বা তৎসংলগ্ন অঞ্চলের (রাজস্বভূমি/প্রকৃতি সংরক্ষণ অঞ্চল/সমষ্টি সংরক্ষণ

অঞ্চল/গ্রাম/শহরতলি) ক্ষেত্রে বন্যপ্রাণ(সুরক্ষা) আইন, ১৯৭২ অনুযায়ী সংশ্লিষ্ট বন্যপ্রাণ সংরক্ষক অথবা বিভাগীয় বনাধিকারিক/উপ-বনপাল (যাঁর প্রশাসনিক এক্তিয়ারের মধ্যে ঐ অঞ্চলটি পড়ে), তিনি-ই দায়িত্বে থাকবেন।

**৫. বন্যাপ্রাণীর মৃতদেহের ব্যাপারে করণীয় ঃ**

(১) যে বিভাগীয় বনাধিকারীক /উপক্ষেত্র অধিকর্তা / বিভাগীয় মৃতদেহের ব্যবস্থাপকের প্রশাসনিক অঞ্চলের মধ্যে এই ধরণের মৃত্যুর ব্যাপারে ঘটনা ঘটবে, তিনি তৎক্ষণাৎ ঘটনাস্থল থেকে ঐ মৃত বন্যপ্রাণী সম্বন্ধে প্রাপ্ত যাবতীয় তথ্য (আনুমানিক বয়স/ লিঙ্গ/ আঘাত/যদি কোন দেহাংশ না থাকে/ আপাতদৃষ্টিতে স্বাভাবিক বা অস্বাভাবিক মৃত্যু/অবস্থান) এবং কি পদক্ষেপ নেওয়া হয়েছে, সে সম্বন্ধে বিস্তারিতভাবে স্বল্প দূরভাষ বার্তা পরিষেবার (এস.এম.এস) মাধ্যমে প্রধান সচিব/অতিরিক্ত মুখ্যসচিব, বনদপ্তর/প্রধান মুখ্য বনপাল (বনবাহিনী শীর্ষ), প্রধান মুখ্য বনপাল বন্যপ্রাণ) অতিরিক্ত প্রধান মুখ্য বনপাল (বন্যপ্রাণ), জেনারেল ম্যানেজার (পশ্চিমবঙ্গ বন উন্নয়ন নিগমের অঞ্চলের ক্ষেত্রে), উত্তরবঙ্গেরক্ষেত্রে অতিরিক্ত প্রধান মুখ্য বনপাল (উত্তরবঙ্গ), ও মুখ্য বনপাল, বন্যপ্রাণ (উত্তর) এবংসংশ্লিষ্ট মুখ্য বনপাল/বনপাল/ক্ষেত্রঅধিকর্তা/সাধারণ ব্যবস্থাপক/ (পশ্চিমবঙ্গ বনভূমি উন্নয়ন নিগমের অঞ্চলের ক্ষেত্রে)-কে জানাবেন। বিভাগীয় বনাধিকারিক/উপ-ক্ষেত্র অধিকর্তা/বিভাগীয় ব্যবস্থাপক প্রতিনিয়ত ঘটনার হালহকিকত তাঁর উর্ধ্বতন আধিকারিকদের দূরভাষে জানাবেন।

(২) আধিকারিকগণ ও পশুচিকিৎসকের পরিদর্শন ও পরীক্ষার জন্য কর্মচারীগণ বন্যপ্রাণীর মৃতদেহটি যে স্থানে পাওয়া গেছে সেটিকে ঘিরে রাখবেন। কর্মচারীরা মৃতদেহের আশেপাশের অঞ্চলটি ভালোভাবে পর্যবেক্ষণ করবেন এবং যদি কোন সূত্র পাওয়া যায় তা লিপিবদ্ধ করে রাখবেন।

(৩) বিভাগীয় বনাধিকারিক/সহকারী বিভাগীয় বনাধিকারিক ঘটনাস্থল পরিদর্শন করবেন এবং উপরে ক্রমিক সংখ্যা ১-এ যেভাবে বর্ণিত আছে সেই অনুযায়ী একটি বিস্তারিত স্বল্প দূরভাষ বার্তা (এস.এম.এস) পাঠাবেন। বিভাগীয় বনাধিকারিক ২৪-ঘন্টার মধ্যে ঘটনার একটি প্রাথমিক বিবরণ মুখ্য বন্যপ্রাণ সংরক্ষককে পাঠাবেন।

(৪) বনদপ্তরের পশুচিকিৎসক অথবা স্থানীয় পশুচিকিৎসককে এই ঘটনা সম্বন্ধে জানাতে হবে এবং তাঁকে ঘটনাস্থলে নিয়ে যেতে হবে। উপযোগিতা অনুযায়ী এবং পশুচিকিৎসকের উপদেশ অনুসারে ঘটনাস্থলে অথবা অন্য কোনও সুবিধাজনক স্থানে মৃতদেহের ময়নাতদন্ত করতে হবে। পশুচিকিৎসক ময়নাতদন্তে প্রাপ্ত তথ্যকে সম্পূর্ণরূপে লিপিবদ্ধ করবেন এবং জমা দেবেন। পরবর্তীকালে আদালত সম্বন্ধীয় পরীক্ষার জন্য পশুচিকিৎসক প্রয়োজনীয় নমুনা সংগ্রহ করবেন। মৃত্যুর ঘটনায় আগ্নেয়াস্ত্র ব্যবহার করা হয়েছে বলে সন্দেহ থাকলে, সংশ্লিষ্ট অঞ্চলাধিকারিক ধাতু নিরূপক যন্ত্রের সাহায্যে মৃতদেহ পুড়িয়ে ফেলার জায়গাটি অনুসন্ধান করে দেখবেন যদি সেখানে কোনও ধাতব বস্তু বা গুলির অংশ পাওয়া যায়। তালিকা ১

ও ২—এর অন্তর্ভুক্ত বন্যপ্রাণীর ক্ষেত্রে ময়নাতদন্তের, ঘটনাস্থলের এবং মৃতদেহের অন্যান্য সমস্ত খুঁটিনাটির 'ভিডিওগ্রাফি' করতে হবে এবং তা সংরক্ষণ করতে হবে।

(৫) মৃতদেহ থেকে উদ্ধার করা হাতীর দাঁত/গণ্ডারের খড়্গ সঠিক পরিমাপ ও ওজন করার পরে 'ট্রফি রেজিস্টারে' সবিস্তারে নথিবদ্ধ করে সংশ্লিষ্ট অঞ্চলাধিকারিকের হেফাজতে রাখতে হবে।

(৬) নিয়মানুযায়ী, স্থানীয় রেঞ্জের কর্মচারীদের পর্যবেক্ষণে বন্যপ্রাণীর মৃতদেহকে পুড়িয়ে নিষ্পত্তি করা হবে। কিন্তু, বাঘ, চিতাবাঘ, হাতি, গণ্ডার এবং ভাল্লুকের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিভাগীয় বনাধিকারিকের উপস্থিতি আবশ্যিক। ব্যতিক্রমী পরিস্থিতিতে বিভাগীয় বনাধিকারিক যদি অপর কোন অত্যন্ত গুরুত্বপূর্ণ কাজের জন্য উপস্থিত থাকতে পারছেন না, সেক্ষেত্রে তাঁর উর্ধ্বতন আধিকারিকের অনুমোদনক্রমে একজন সহকারী বিভাগীয় বনাধিকারিক পদমর্যাদার আধিকারিক পর্যবেক্ষণ করতে পারেন এবং মৃতদেহের নিষ্পত্তিকে প্রত্যয়ণ করতে পারেন। যদি মৃতদেহটি পোড়ানো সম্ভব না হয় এবং অন্য কোনভাবে নিষ্পত্তি করার প্রয়োজন হয়, সেক্ষেত্রে মুখ্য বন্যপ্রাণ সংরক্ষকের পূর্ব অনুমতি সাপেক্ষে পশুচিকিৎসকের উপদেশ অনুযায়ী তা করা যেতে পারে। সম্পূর্ণ প্রক্রিয়াটিই 'ভিডিওগ্রাফি' করতে হবে।

(৭) মৃতদেহ পোড়ানো এবং ময়না তদন্তে প্রয়োজন এমন সমস্ত উপকরণ, যেমন উচ্চক্ষমতাসম্পন্ন ধাতু নিরূপক যন্ত্র, ফিনাইল, নমুনাসংগ্রহের জন্য পাত্র/স্লাইড/স্টিকার/ মার্কার, জ্বালানী কাঠ, পুরানো (গাড়ির) টায়ার, কেরোসিন/পোড়া মোবিল, নুন ও চুন ইত্যাদি জোগাড়ের এবং

সমস্তরকম পরিবহনের দায়িত্ব স্থানীয় অঞ্চলাধিকারিকের উপর ন্যস্ত থাকবে।

(৮) ঘটনাস্থলের রেখচিত্র, অক্ষাংশ-দ্রাঘিমাংশসহ পুরো ঘটনার বিবরণ যাতে সঠিকভাবে নথিবদ্ধ হয় স্থানীয় বিভাগীয় বনাধিকারিক সেটি সুনিশ্চিত করবেন।

(৯) মৃত্যু যদি স্বাভাবিক হয় তবে স্থানীয় থানায় একটি সাধারণ ডায়েরী (জি.ডি.ই) নথিভুক্ত করলেই চলবে। তবে, যদি এই মৃত্যুটি প্রাণী হত্যা বা শিকারের ঘটনা বলে সন্দেহ হয়ে থাকে, সেক্ষেত্রে স্থানীয় থানায় একটি প্রাথমিক তথ্য প্রতিবেদন (এফ. আই. আর) নথিভুক্ত করতে হবে এবং সংশ্লিষ্ট রেঞ্জে একটি ফৌজদারি অপরাধ প্রতিবেদন (পি.ও.আর) মামলা শুরু করতে হবে।

(১০) সন্দেহভাজন ব্যক্তির পরিচয় জানার জন্য সংশ্লিষ্ট অঞ্চলাধিকারিক এই ঘটনাটি জনসমক্ষে প্রচারের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ নেবেন এবং এই কাজে তিনি স্থানীয় জনপ্রতিনিধির সহায়তা নেবেন।

(১১) বিভাগীয় বনাধিকারিক প্রামাণ্য প্রকরণ অনুযায়ী এই ঘটনার একটি সবিস্তার প্রতিবেদন জমা দেবেন।

পশ্চিমবঙ্গে বন্যপ্রাণ ব্যবস্থাপনার সঙ্গে যুক্ত সমস্ত অতিরিক্ত মুখ্য বন্যপ্রাণ সংরক্ষক, উপ-বন্যপ্রাণ সংরক্ষক এবং বন্যপ্রাণ সংরক্ষকেরা তাঁদের নিজ নিজ প্রশাসনিক অঞ্চলের মধ্যে এই আদর্শ পরিচালন

প্রণালীটি মেনে চলবেন।

স্ব

প্রধান মুঃ

এবং মুখ্য বন্যপ্রাণ সংরক্ষক, পশ্চিমবঙ্গ

**Standard Operating Procedure to Deal with Human Casuality / Human Injury Caused by Wild AnimaL**

**1. Subject:**

Dealing with the human casualty / Human injury caused by wild animal within the State of West Bengal.

**2. Purpose:**

To investigate the site of human death / human injury by wild animal, helping police to recover the body of the victim identifying the animal involved and to provide relief to victim/ victims' dependent in accordance with government rules.

**3. Scope:**

The SOP applies to all forest field formations, Protected Areas including tiger reserves besides other areas where such incidents occur within the State of West Bengal.

**4. Responsibilities:**

The concerned Deputy Field Director would be responsible in the case of a tiger reserve / fringe areas. For a protected

area (National Park / Wildlife Sanctuary), the concerned protected area manager would be responsible. In the case of other areas (revenue land / conservation reserve / community reserve / Tea Gardens / village / township etc.) the Wildlife Warden, as per the Wildlife (Protection) Act, 1972, or Divisional Forest Officer / Deputy Conservator of Forests (under whose territorial or overlapping, jurisdiction the area falls), would be responsible.

5. **Suggested field actions to deal with cases of human casualty by wild animal :**

   a. The DFO / Dy. FD / Divisional Manager in whose territorial / overlapping jurisdiction the incident takes place shall forthwith by means of SMS communicate the available information received from the field including as much as available details of the victim (name, sex, age, address, location of incidence, time of incidence, name of wild animal responsible, field situation, action initialed) to the PCCF, Wildlife and Chief Wildlife Warden, West Bengal with copy to Hon'ble MIC, Forest Department, Addl. Chief Secretary / Principal Secretary, Forest Department / PCCF (HoFF) / Addl PCCF (WL), Managing Director, WBFDC (in case of WBFDC areas), Addl PCCF (NB) in case of North Bengal incidence, CCF, Wildlife (North) in case of

North Bengal and the concerned CCF / FD / GM (in case of WBFDC areas) / CFs. The DFO / DFD / DMs will constantly update the incumbent officers mobile numbers and message shall be with in the format of "CC" and . "BCC" so that all the recipients are aware of message circulation.

b. Range Officer having jurisdiction must inform the matter to local Police Station, local Gram Panchayat member as well as to the JFMC leaders, if required.

c. A GD entry in the local PS is to be made.

d. The field staff must reach to the spot as early as possible with or without police personnel from local Police Station and should cordon off the area surrounding the victim for inspection by field staff. Staff shall observe the area surrounding the body of the victim for any clues including measurement of footprint / pugmarks and other details for the identification of the animal involved for the record of the same.

e. Staff should facilitate recovering the body of the victim by Police or by dependents for necessary post mortem and other mandatory procedures.

f. The injured person / persons with or without valid permission inside the forest or outside the forest

must be provided immediate medical treatment in the nearest hospital preferably government hospital.

g. A partial ex-gratia amount in accordance with the GO Number 1547-For, dated 13/06/2016 should be paid to the nearest legal heir of the deceased in presence of local public representative mentioning relation with the deceased in the payment voucher along with signature of local public representative and any prominent person of the locality as witnesses for such payment. *The entitlement for ex gratia would be as follows:*

i) Anyone injured/killed outside designated Forest Area including Tea Estates.

ii) Anyone injured/killed within designated Forest Area provided the person (s) were engaged for forestry work by forest Beat/Range Officer.

iii) Any JFMC member/Forest Villager who goes to designated forest on proper authorization by Forest Beat/Range Officer.

iv) Any research scholar and/or his/her aide who were in forest for reaserch study duly approved by PCCF & HoFF or officer authorized by him for

non Protected Areas or for research study duly approved by CWLW for Protected Areas.

h. DFO / DFD / DMs will send the bill along with an office order for release of the balance amount of ex-gratia on receipt of requisite reports i.e. Range Officers inspection report, local Panchayat certificate confirming the death by wild animal, application of the legal heir for such payment with local MLA's recommendation, legal heir certificate, photocoy of Bank Account Pass Book / Cancelled Cheque, etc.

i. The DFO shall ensure the complete documentation of the incident including the sketch of place of occurrence, GPS co-ordinates of the area, measurement of foot print (in case of elephant), brief description of the incidence, behaviour of wild animal especially solitary elephants and other details of the animal involved etc.

j. DFO shall submit a detailed report within 7 days of the incidence as per "Format B" attached with Principal Chief Conservator of Forests, Wildlife & Chief Wildlife Warden, West Bengal's memo No. 1277/WL/2W-764/ 2016, dated 09.03.2016.

k. The details of solitary elephant related incidence should be entered in "Dossier of Solitary Elephant.

l. Concerned DFO / DFD / DM will take appropriate action to prevent recurrence of the incidence in the area and to quell the fear among people.

m. Concerned officers shall take all other actions as deemed fit to ensure that the incidence remains peaceful.

Principal Chief Conservator of forests,Wildlife
& Chief Wildlife Warden, West Bengal

No.: 5233(4)/WL/2W-769/2016

Copy forwarded for information to:

1) The P. S. to Hon'ble Minister-in-Charge, Department of Forests, Govt. of West Bengal.
2) The Principal Secretary, Department of Forests, Govt. of West Bengal.
3) The Principal Chief Conservator of Forests & Head of Forest Force, West Bengal.
4) The Principal Chief Conservator of Forests, General, West Bengal.

(Pradeep Vyas)
Principal **Chief** Conservator of Forests,
Wildlife & Chief Wildlife Warden, West Bengal

No.: 5234/WL/2W-769/2016
Dated: 16.11.2016

Copy forwarded for information to the Managing Director, West Bengal Forest Development Corporation Limited.

(Pradeep Vyas)
Principal **Chief** Conservator of Forests,
Wildlife & Chief Wildlife Warden, West Bengal

# বন্যপ্রাণী দ্বারা সংঘটিত মানুষের মৃত্যু/আহত হওয়া সংক্রান্ত আদর্শ পরিচালন প্রণালী

১ বিষয় ঃ

পশ্চিমবঙ্গ রাজ্যের মধ্যে বন্যপ্রাণীর আক্রমণে মানুষের মৃত্যু/আহত হওয়ার ঘটনায় কর্তব্য সংক্রান্ত।

২ উদ্দেশ্য ঃ

বন্যপ্রাণীর দ্বারা সংঘটিত মানুষের মৃত্যু/আহত হওয়ার স্থানটি ভালো করে পরীক্ষা করা, যে বন্যপ্রাণী এই ঘটনার জন্য দায়ী তাকে সঠিকভাবে শনাক্ত করে পুলিশকে ঘটনাস্থল থেকে মৃতদেহ উদ্ধার করতে সহায়তা করা এবং সরকারি বিধি অনুযায়ী ক্ষতিগ্রস্ত/ক্ষতিগ্রস্তের উপর নির্ভরশীলদের প্রয়োজনীয় সাহায্য করা।

৩ ব্যাপ্তি:

ব্যাঘ্র প্রকল্পসহ পশ্চিমবঙ্গের সমস্ত বনবিভাগ ও সুরক্ষিত অঞ্চল এবং তৎসংলগ্ন সমস্ত অঞ্চল যেখানে এই ধরনের ঘটনা ঘটে, সেই সমস্ত ক্ষেত্রেই এই আদর্শ পরিচালন প্রণালী কার্যকর হবে।

৪ দায়িত্ব:

ব্যাঘ্র প্রকল্প ও তৎসংলগ্ন অঞ্চলের ক্ষেত্রে সংশ্লিষ্ট উপক্ষেত্র অধিকর্তার উপর সমস্ত দায়িত্ব থাকবে। কোন সংরক্ষিত অঞ্চলে (জাতীয়

উদ্যান/অভয়ারণ্য)-এর ক্ষেত্রে সংশ্লিষ্ট সুরক্ষিত অঞ্চল ব্যবস্থাপক ('প্রোটেক্টেড এরিয়া ম্যানেজার') সবকিছুর দায়িত্বে থাকবেন, অন্যান্য অঞ্চলের ক্ষেত্রে (রাজস্বভূমি/প্রকৃতি সংরক্ষণ অঞ্চল/সমষ্টি সংরক্ষণ অঞ্চল/চা বাগান/গ্রাম/শহরতলি ইত্যাদি) ক্ষেত্রে বন্যপ্রাণ (সংরক্ষণ) আইন, ১৯৭২ অনুযায়ী সংশ্লিষ্ট বন্যপ্রাণ সংরক্ষক বা বিভাগীয় বনাধিকারিক/উপ-বনপাল (যাঁর প্রশাসনিক অঞ্চলের মধ্যে ঐ ঘটনাস্থলটি অবস্থান করছে), তাঁর উপরই দায়িত্ব থাকবে।

**৫ বন্যপ্রাণী দ্বারা মানুষের মৃত্যুর ঘটনা ঘটলে করণীয় কার্যবিধি ঃ**

(ক) সংশ্লিষ্ট বিভাগীয় বনাধিকারিক/উপ-ক্ষেত্র অধিকর্তা/বিভাগীয় ব্যবস্থাপক, যাঁর প্রশাসনিক/অধিক্রমণ অঞ্চলের মধ্যে বন্যপ্রাণীর আক্রমণে মানুষের জীবনহানির ঘটনা ঘটেছে তিনিই মৃতব্যক্তি ও ঘটনা সংক্রান্ত যে সমস্ত তথ্য তাঁর কাছে ঐ সময় আছে, যেমন মৃত ব্যক্তির নাম, বয়স, ঠিকানা, ঘটনাস্থলের ঠিকানা, ঘটনার সময়, যে বন্যপ্রাণী ঐ ঘটনার জন্য দায়ী তার নাম, বর্তমানে ঘটনাস্থলের পরিস্থিতি, কি কি পদক্ষেপ করা হয়েছে সেইসংক্রান্ত যাবতীয় তথ্য স্বল্প দূরভাষ বার্তা পরিষেবার (এস.এম.এস) মাধ্যমে প্রধান মুখ্য বনপাল (বন্যপ্রাণ) ও মুখ্য বন্যপ্রাণ সংরক্ষক, পশ্চিমবঙ্গকে জানাবেন ও তার একটি অনুলিপি দেবেন মাননীয় ভারপ্রাপ্ত মন্ত্রী, বন দপ্তর, অতিরিক্ত মুখ্য সচিব/প্রধান সচিব, বন দপ্তর/প্রধান মুখ্য বনপাল (বন বাহিনীর শীর্ষ)/অতিরিক্ত প্রধান মুখ্য

বনপাল (বন্যপ্রাণ), পশ্চিমবঙ্গ বন উন্নয়ন নিগমের ব্যবস্থাপনা পরিচালক (পশ্চিমবঙ্গ বন উন্নয়ন নিগমের এলাকার ক্ষেত্রে), উত্তরবঙ্গের ক্ষেত্রে অতিরিক্ত প্রধান মুখ্য বনপাল (উত্তরবঙ্গ) ও মুখ্য বনপাল, বন্যপ্রাণ (উত্তর) এবং সংশ্লিষ্ট মুখ্য বনপাল/ক্ষেত্র অধিকর্তা/সাধারণ ব্যবস্থাপক (পশ্চিমবঙ্গ বন উন্নয়ন নিগম-এর অঞ্চলের ক্ষেত্রে)/বনপালকে বিভাগীয় বনাধিকারিক/উপ-ক্ষেত্র অধিকর্তা/বিভাগীয় ব্যবস্থাপকগণ তাঁদের ঊর্ধ্বতন আধিকারিকদের দূরভাষের মাধ্যমে সর্বদা ঘটনার হালহকিকত জানাবেন এবং বার্তা সর্বদা 'প্রতি (টু) ও 'অনুলিপি দেওয়া হল' (সি.সি.) এই বয়ানে হওয়া চাই যাতে যাঁরা এই বার্তা পাচ্ছেন তাঁরা বার্তার সঞ্চালন সম্বন্ধে জানতে পারেন।

(খ) যে অঞ্চলাধিকারিকের প্রশাসনিক অঞ্চলের মধ্যে ঘটনাটি ঘটেছে তিনি সেই অঞ্চলের স্থানীয় থানাকে, স্থানীয় গ্রাম পঞ্চায়েত সদস্য/সদস্যাকে এবং যদি প্রয়োজন হয়, সংশ্লিষ্ট যৌথ বন পরিচালন সমিতির নেতৃত্বকে এই ঘটনা সম্বন্ধে অবহিত করবেন।

(গ) স্থানীয় থানায় এই ঘটনা সম্পর্কে একটি সাধারণ তথ্য নথিভুক্ত ('জি.ডি. এনট্রি') করতে হবে।

(ঘ) কর্মচারীরা স্থানীয় থানা থেকে পুলিশ নিয়ে বা না নিয়ে, যতদ্রুত সম্ভব ঘটনাস্থলে পৌঁছে যাবে এবং যে স্থানে মৃতদেহ পড়ে আছে তাকে ঘিরে ফেলবে, যাতে ঘটনাস্থলকে ভালো করে পর্যবেক্ষণ করা যায়। মৃতদেহের আশেপাশের এলাকা কর্মচারীরা খুব ভালো করে পরীক্ষা করে দেখবে যাতে কোন পায়ের ছাপ বা অন্য কোনও সূত্র পাওয়া যায়, যা থেকে এই ঘটনার জন্য দায়ী বন্যপ্রাণীটিকে শনাক্ত করা যায়।

(ঙ) পুলিশ বা ক্ষতিগ্রস্তের উপর নির্ভরশীলেরা যাতে সহজেই ঘটনাস্থল থেকে মৃতদেহটি উদ্ধার করে নিয়ে যেতে পারে, কর্মচারীরা তার ব্যবস্থা করবেন, যাতে প্রয়োজনীয় ময়নাতদন্ত ও অন্যান্য আবশ্যিক কার্যপ্রণালী দ্রুত করা যায়।

(চ) আহত ব্যক্তি/ব্যক্তিগণকে তাৎক্ষণিকভাবে নিকটতম স্বাস্থ্যকেন্দ্রে, ভালো হয় সরকারি হাসপাতালে, চিকিৎসার ব্যবস্থা করতে হবে, যদি তিনি জঙ্গলের ভিতরে বা বাইরে আহত হন, তাঁর কাছে বৈধ অনুমতিপত্র থাকুক বা না থাকুক।

(ছ) স্থানীয় জনপ্রতিনিধির উপস্থিতিতে মৃতব্যক্তির নিকটতম আইনত উত্তরাধিকারী/নীকে সরকারি আদেশনামা ক্রম সংখ্যা ১৫৪৭—ফর, তারিখ ১৩.০৬.২০১৬ অনুযায়ী একটি

আংশিক অনুদান দিতে হবে যেখানে অর্থপ্রদানের রসিদে মৃতব্যক্তির সঙ্গে এই অর্থ প্রাপকের সম্পর্কের উল্লেখ থাকবে এবং স্থানীয় জনপ্রতিনিধির স্বাক্ষর থাকবে, সঙ্গে থাকবে এই অর্থপ্রদানের সাক্ষী হিসাবে স্থানীয় একজন বিশিষ্ট ব্যক্তির স্বাক্ষর, এই অনুদান পাওয়ার অধিকার কার আছে তার একটি তালিকা নীচে দেওয়া হল :—

(১) চা বাগানসহ চিহ্নিত অরণ্য অঞ্চলের বাইরে আহত/মৃত যেকোন ব্যক্তি।

(২) চিহ্নিত অরণ্য অঞ্চলের মধ্যে আহত/নিহত ব্যক্তি(গণ) যাঁকে সংশ্লিষ্ট বনক্ষেত্রাধিকারিক/অঞ্চলাধিকারিক,অরণ্য সংক্রান্ত কোনও কাজে নিয়োগ করেছিলেন।

(৩) যৌথ বন পরিচালন সমিতির সদস্য/বনের গ্রামবাসী যিনি বনক্ষেত্রাধিকারিক/অঞ্চলাধিকারিক দ্বারা বৈধভাবে অধিকারপ্রাপ্ত হয়ে কোনও চিহ্নিত অরণ্যে গিয়েছিলেন।

(৪) একজন গবেষক এবং/অথবা তাঁর সহযোগী যাঁরা গবেষণার কাজে অরণ্যের মধ্যে ছিলেন এবং যাঁদের কাছে মুখ্য বন্যপ্রাণ সংরক্ষকের কাছ থেকে গবেষণা

সংক্রান্ত যথাযথ অনুমতি পত্র ছিল (সুরক্ষিত অঞ্চলের ক্ষেত্রে) বা প্রধান মুখ্য বনপাল (বনবাহিনীর শীর্ষ)/তাঁর দ্বারা অধিকারপ্রাপ্ত কোন আধিকারিকের যথাযথ অনুমতি পত্র ছিল অসুরক্ষিত অঞ্চলের ক্ষেত্রে)।

(জ) বিভাগীয় বনাধিকারিক/উপক্ষেত্র অধিকর্তা/বিভাগীয় ব্যবস্থাপকগণ অনুদানের বাকি অংশ ছাড়ার জন্য হিসাব ('বিল') পাঠাবেন যার সঙ্গে তাঁর দপ্তরের একটি আদেশপত্র থাকবে এবং নিম্নলিখিত প্রয়োজনীয় প্রতিবেদনগুলি থাকবে যথা অঞ্চলাধিকারিকের তদন্ত প্রতিবেদন, বন্যপ্রাণীর দ্বারা মৃত্যু ঘটেছে এটা নিশ্চিত করে দেওয়া স্থানীয় পঞ্চায়েতের একটি শংসাপত্র, স্থানীয় বিধায়কের সুপারিশসহ এই অনুদানটি প্রদানের জন্য আইনত উত্তরাধিকারী/নীর একটি দরখাস্ত, আইনত উত্তরাধিকার শংসাপত্র, ব্যাঙ্ক খাতার পাশবই-এর নকল/একটি বাতিল করা চেক ইত্যাদি।

(ঝ) বিভাগীয় বনাধিকারিক সম্পূর্ণ ঘটনাটি যাতে সঠিকভাবে লিপিবদ্ধ হয় সেটা সুনিশ্চিত করবেন, যেখানে থাকবে ঘটনাস্থলের হাতে আঁকা নকশা, অক্ষাংশ-দ্রাঘিমাংশ, বন্যপ্রাণীর পায়ের ছাপের পরিমাপ (হাতির ক্ষেত্রে), ঘটনার সংক্ষিপ্ত বিবরণ, বন্যপ্রাণীর আচরণ বিশেষত একাকী হাতির এবং সংশ্লিষ্ট বন্যপ্রাণীটির অন্যান্য বিবরণ ইত্যাদি।

(ঞ) প্রধান মুখ্য বনপাল, বন্যপ্রাণ ও মুখ্য বন্যপ্রাণ সংরক্ষক, পশ্চিমবঙ্গ-এর পত্রাঙ্ক ১২৭৭/ডবলিউ.এল/২ ডবলিউ—৭৬৪/২০১৬, তারিখ ০৯.০৩.২০১৬-তে দেওয়া 'ফরম্যাট-বি' অনুযায়ী একটি প্রতিবেদন ঘটনার ৭ দিনের মধ্যে বিভাগীয় বনাধিকারিক জমা দেবেন।

(ট) একলা হাতি সংক্রান্ত সংশ্লিষ্ট ঘটনার বিবরণ 'একাকী হাতির তথ্যপঞ্জি'-তে অবশ্যই নথিভুক্ত করতে হবে।

(ঠ) এই ধরনের ঘটনার পুনরাবৃত্তি যাতে না ঘটে এবং এই সংক্রান্ত বিষয় মানুষের মনের ভয়কে দূর করার জন্য সংশ্লিষ্ট বিভাগীয় বনাধিকারিক/উপক্ষেত্র অধিকর্তা/বিভাগীয় ব্যবস্থাপক উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করবেন।

(ড) সামাগ্রিক পরিস্থিতিকে শান্তিপূর্ণ রাখার জন্য সংশ্লিষ্ট আধিকারিকগণ প্রয়োজনীয় সমস্ত রকম ব্যবস্থা গ্রহণ করবেন।

প্রদীপ ব্যাস
প্রধান মুখ্য বনপাল, বন্যপ্রাণ
এবং মুখ্য বন্যপ্রাণ সংরক্ষক, পশ্চিমবঙ্গ

## STANDARD OPERATING PROCEDURES TO TACKLE HUMAN WILDLIFE CONFLICT


Compiled by—

1. Dr. Pradeep Vyas, IFS, PCCF, Wildlife & CWLW, West Bengal
2. Dr. R.P. Saini, IFS, Additional PCCF, Wildlife, West Bengal
3. Sri Subhankar Sen Gupta, IFS, CF, Wildlife(Hqtrs), West Bengal
4. Sri Somenath Chattopadhyay, WBFS, AWLW, Wildlife, West Bengal
5. Sri Subrata Pal Chowdhury, T.A., Wildlife (Hqtrs) Wing, West Bengal
6. Sri Bivas Sardar, PA to PCCF, Wildlife & CWLW, West Bengal
7. Sri Indranil Mitra, Data Management Assistant
8. Sri Somenath Chakraborty, Data Management Assistant
9. Sri Rabi Mistri, Typist






